

কাজী আ.খ.ম মহিউল ইসলাম গত ১৬ জুলাই ২০১৯ তারিখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন।

তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন অতিরিক্ত সচিব। জনাব ইসলাম ১৯৮৬ ব্যাচের বিসিএস (প্রশাসন) ক্যাডারের একজন কর্মকর্তা। বর্তমান পদে যোগদানের পূর্বে তিনি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবারকল্যাণ ও আইন) পদে কর্মরত ছিলেন। জনাব মহিউল ইসলাম ১৯৭৯-৮০ সেশনের ছাত্র হিসেবে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে প্রথম শ্রেণিতে বি. এসসি. এজি (অনার্স) ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি চাকুরীরত অবস্থায় স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয় বাংলাদেশ থেকে মানব সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণিতে এমবিএ ডিগ্রী অর্জন করেন।

জনাব ইসলাম বাংলাদেশ সচিবালয়ে সহকারী সচিব পদে কৃষি মন্ত্রণালয়ে ১৯৮৯ সালে যোগদান করেন ও ১৯৯২ সাল পর্যন্ত কর্মরত ছিলেন। তারপর তিনি জেলা প্রশাসনে বিভিন্ন পদে ১৯৯২ থেকে ১৯৯৭ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি ১৯৯৭ থেকে ২০০৯ সাল পর্যন্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ে এবং বাংলাদেশ দূতাবাস পোল্যান্ড ও কুয়েতে কুটনৈতিক পদে দায়িত্ব পালন করেন। ২০১০ থেকে ২০১৩ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। ২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিনি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীগণের একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মহিউল ইসলাম BPATC থেকে ACAD, MATT এবং PPMC কোর্স সম্পন্ন করেছেন। এছাড়া তিনি Civil Service College, Singapore; AIT ও Mahidol University, Thailand; Wolverhampton University, UK এবং Johns Hopkins University, USA থেকে বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

তঁর নিজ জেলা রাজবাড়ী। তঁর পিতার নাম জনাব কাজী আব্দুল কুদ্দুস এবং মাতার নাম কাজী সামসুন্নহার। তিনি একজন ক্রীড়ানুরাগী। বইপড়া, গান শোনা এবং মানুষকে উদ্বুদ্ধকরণে সময় দেয়া তঁর শখ। ব্যক্তি জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।